



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং:- ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৭-১৮/১৯৪৪

তারিখ: ১৩/০৫/২০১৮

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর বিষয়ভিত্তিক অনলাইন রেজিস্ট্রেশন কার্ড ইস্যু সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করার লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে নিম্নোক্ত করণীয় ও সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করে প্রিন্ট নেয়ার তারিখ: ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে সংশ্লিষ্ট কলেজসমূহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions/regicard) লিঙ্কে যেতে হবে। পরবর্তীতে College Login অপশনে গিয়ে (ক্রমিক-২ এর নির্দেশনা অনুযায়ী প্রাপ্ত) User ID ও Password ব্যবহার করে রেজিস্ট্রেশন কার্ড Download করে প্রিন্ট নিতে হবে। কলেজ কর্তৃপক্ষকে রেজিস্ট্রেশন কার্ডের প্রিন্ট কপিতে প্রদর্শিত সকল তথ্য ও ছবি মিলিয়ে দেখতে হবে। সকল তথ্য সঠিক থাকলে রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থী এবং কলেজ অধ্যক্ষ নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করবেন। এছাড়াও শিক্ষার্থীর ছবির উপর সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ স্বাক্ষর ও সিল প্রদান করবেন।	১৭/০৫/২০১৮ থেকে ২৪/০৬/২০১৮
২।	পাসওয়ার্ড সংক্রান্ত নির্দেশাবলী: যে সকল কলেজ রেজিস্ট্রেশন কার্ড Download করার জন্য Password সংগ্রহ করে নাই তাদেরকে কলেজ কোড, কলেজের নাম, ঠিকানা, ফোন/মোবাইল নম্বর ও সঠিক ই-মেইল ঠিকানাসহ ডীন দপ্তরের অফিসিয়াল ই-মেইল deanug@nubd.info বরাবর আবেদন করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজের ই-মেইলে User ID , Password প্রেরণ করা হবে।	

দৃষ্টি আকর্ষণ

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) কোর্সে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন কার্ড পেয়েছে, সে সকল শিক্ষার্থীর দ্বৈত ভর্তির নীতিমালা অনুযায়ী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করার সুযোগ নেই। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের স্বার্থ বিবেচনায় এনে তাদের পূর্বের ভর্তি বাতিলপূর্বক (নির্ধারিত জরিমানা ও ভর্তি বাতিল ফি প্রদান করে) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তাদের জরিমানা ও ভর্তি বাতিলের হার নিম্নরূপঃ

ক্রমিক	ভর্তি বাতিলকারীর ধরণ	জরিমানার পরিমাণ
ক)	২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) কোর্সে যে সকল শিক্ষার্থী ভর্তি হয়ে ২০১৭ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে।	প্রতি শিক্ষার্থী ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ভর্তি বাতিল ফি= ৭০০/- (সাতশত) টাকা
খ)	২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) কোর্সে যে সকল শিক্ষার্থী ভর্তি হয়েছে কিন্তু ২০১৭ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি।	প্রতি শিক্ষার্থী ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা ও ভর্তি বাতিল ফি= ৭০০/- (সাতশত) টাকা

উল্লেখ্য যে, শিক্ষার্থী যে শিক্ষা কার্যক্রমের (ক্রমিক ক অথবা খ) ভর্তি বাতিল করবে তাকে সংশ্লিষ্ট শিক্ষা কার্যক্রমের মূল রেজিস্ট্রেশন কার্ডটি স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল দপ্তরে অবশ্যই জমা দিতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডীন (ভারপ্রাপ্ত),

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ৯২৯১০৬৮, ৯২৯২০৮৪

ই-মেইল- deanug@nubd.info

তারিখ: ১৩/০৫/২০১৮

স্মারক নং:- ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৭-১৮/১৯৪৪

অবগতির জন্য অনুলিপি দেয়া হলোঃ

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়।

২। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৬। অফিস কপি।

উপ-রেজিস্ট্রার

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪